This public announcement is being made in compliance with the provisions of Regulation 59C(9) and 59C(10) of the SEBI ICDR Regulations to inform the public that our Company is proposing, subject to applicable statutory and regulatory requirements, receipt of requisite approvals, market conditions and other considerations, to undertake an initial public offering of its Equity Shares pursuant to the Offer and has filed the UDRHP– I and the Draft Abridged Prospectus with SEBI and the Stock Exchanges on September 4, 2026. Pursuant to Regulation 59C(9) and 59C(10) of the SEBI ICDR Regulations, the UDRHP– I filed with SEBI and the Stock Exchanges has been made public for comments, if any, for a period of at least 21 days from the date of publication of this public announcement by hosting it on the website of SEBI at www.sebi.gov.in, websites of the Stock Exchanges i.e. BSE and NSE at www.bseindia.com and www.nseindia.com, respectively, on the website of the Company at www.nopaperforms.com and on the website of the Book Running Lead Managers (**"BRLMs"**), i.e. IIFL Capital Services Limited *(formerly known as IIFL Securities Limited)* and SBI Capital Markets Limited at www.iiflcapital.com and www.sbicaps.com, respectively. Our Company hereby invites the public to give their comments on the UDRHP– I filed with SEBI and the Stock Exchanges, with respect to disclosures made in the UDRHP– I. The members of the public are requested to send a copy of the comments to SEBI, Company Secretary and Compliance Officer of our Company and/or the BRLMs at their respective addresses mentioned herein. All comments must be received by SEBI and/or our Company and/or Company Secretary and Compliance Officer of our Company and/or the BRLMs on or before 5.00 p.m. on the 21st day from the date of publication of this public announcement.

Investments in equity and equity-related securities involve a degree of risk and investors should not invest any funds in the Offer unless they can afford to take the risk of losing their entire investment. Investors are advised to read the risk factors carefully before taking an investment decision in the Offer. For taking an investment decision, investors must rely on their own examination of our Company and the Offer, including the risks involved. The Equity Shares in the Offer have not been recommended or approved by the SEBI, nor does SEBI guarantee the accuracy or adequacy of the contents of the Updated Draft Red Herring Prospectus-I. Specific attention of the investors is invited to *"Risk Factors"* on page 21 of the UDRHP– I.

Any decision to invest in the Equity Shares described in the UDRHP– I may only be taken after the Red Herring Prospectus (**"RHP"**) has been filed with the RoC and must be made solely on the basis of such RHP. The Equity Shares, when offered through the RHP, are proposed to be listed on Stock Exchanges.

For details of the share capital and capital structure, the names of the signatories to the memorandum and the number of shares subscribed by them of our Company, please see the section titled ***"Capital Structure"*** beginning on page 88 of the UDRHP– I.

The liability of the members of our Company is limited. For details of the main objects of our Company as contained in the Memorandum of Association, please see the section titled ***"History and Certain Corporate Matters"*** on page 250 of the UDRHP– I.

BOOK RUNNING LEAD MANAGERS		REGISTRAR TO THE OFFER
IIFL CAPITAL	SBICAPS Complete Investment Banking Solutions	MUFG MUFG Intime
IIFL Capital Services Limited *(formerly known as IIFL Securities Limited)* 24th Floor, One Lodha Place, Senapati Bapat Marg Lower Parel (West), Mumbai 400 013, Maharashtra, India **Tel:** +91 22 4646 4728 **E-mail:** nopaperforms.ipo@iiflcap.com **Investor Grievance ID:** ig.ib@iiflcap.com **Website:** www.iiflcapital.com **Contact person:** Mansi Sampat/Pawan Kumar Jain **SEBI Registration No.:** INM000010940	**SBI Capital Markets Limited** 1501, 15th Floor, A & B Wing, Parinee Crescenzo building G-Block Bandra Kurla Complex, Bandra (East), Mumbai 400 051 Maharashtra, India **Telephone:** +91 22 4006 9807 **E-mail:** nopaperforms.ipo@sbicaps.com **Investor Grievance ID:** investor.relations@sbicaps.com **Website:** www.sbicaps.com **Contact person:** Prashant Patankar/ Sylvia Mendonca **SEBI Registration No.:** INM000003531	**MUFG Intime India Private Limited** *(Formerly Link Intime India Private Limited)* C-101, Embassy 247, L.B.S. Marg, Vikhroli West Mumbai 400 083, Maharashtra, India **Telephone:** +91 22 49186000 **E-mail:** nopaperforms.ipo@in.mpms.mufg.com **Investor Grievance ID:** nopaperforms.ipo@in.mpms.mufg.com **Website:** https://in.mpms.mufg.com **Contact person:** Shanti Gopalkrishnan **SEBI Registration No.:** INR000004058

All capitalized terms used herein and not specifically defined shall have the same meaning as ascribed to them in the UDRHP-I.

For NOPAPERFORMS SOLUTIONS LIMITED
On behalf of the Board of Directors
Sd/-
Upasana Srivastava
Company Secretary and Compliance Officer

Place: Gurugram, Haryana
Date: September 04, 2026

NOPAPERFORMS SOLUTIONS LIMITED is proposing, subject to receipt of requisite approvals, market conditions and other considerations, to make an initial public offering of its equity shares (**"Offer"**) and has filed an Updated Draft Red Herring Prospectus-I dated September 4, 2026 (**"UDRHP-I"**) with the Securities and Exchange Board of India (**"SEBI"**), the BSE Limited (**"BSE"**) and the National Stock Exchange of India Limited (**"NSE"**, and together with BSE, the **"Stock Exchanges"**). The UDRHP-I and the Draft Abridged Prospectus is available on the website of SEBI at www.sebi.gov.in, as well as on the websites of the Stock Exchanges i.e. BSE and NSE at www.bseindia.com and www.nseindia.com, respectively, on the website of the Company at www.nopaperforms.com and on the website of the BRLMs, i.e. IIFL Capital Services Limited *(formerly known as IIFL Securities Limited)* and SBI Capital Markets Limited at www.iiflcapital.com and www.sbicaps.com, respectively. Any potential investors should note that investment in equity shares involves a high degree of risk and for details relating to such risk, see ***"Risk Factors"*** beginning on page 21 of the UDRHP-I. Potential investors should not rely on the UDRHP-I filed with SEBI and the Stock Exchanges, and wait for the Red Herring Prospectus to be filed in relation to the Offer for making any investment decision.

This announcement has been prepared for publication in India and may not be released in the United States. This announcement does not constitute an offer of securities for sale in any jurisdiction, including the United States, and any securities described in this announcement may not be offered or sold in the United States absent registration under the US Securities Act of 1933, as amended, or an exemption from registration. Any public offering of securities to be made in the United States will be made by means of a prospectus that may be obtained from the Company and that will contain detailed information about the Company and management, as well as financial statements. However, no offering of securities is being made in the United States.

Adfactors

বেহালা বিমানবন্দর ফের চালু করতে তৎপর সরকার

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ৪ সেপ্টেম্বর ঃদীর্ঘদিন ধরে বন্ধ পড়ে থাকা বেহালা বিমানবন্দর ফের চালু করতে রাজ্য সরকার তৎপর হয়েছে। এই লক্ষ্যে গতকাল নয়াদিল্লিতে কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণমন্ত্রী রামমোহন নাইডুর সঙ্গে বৈঠক করেন বেহালা পশ্চিমের বিধায়ক তথা রাজ্যের ক্রীড়ামন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ। বৈঠকে তিনি মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর লেখা একটি চিঠি কেন্দ্রয় মন্ত্রীর হাতে তুলে দিয়ে দ্রুত বেহালা বিমানবন্দর পুনরুজ্জীবিত করার আবেদন জানান। ওই চিঠিতে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন, বেহালা বিমানবন্দরের ৯১৫ মিটার দীর্ঘ রানওয়ে ATR-৭২ বিমান, এয়ার অ্যাম্বুল্যান্স ও চার্টার্ড ফ্লাইট পরিচালনার জন্য উপযুক্ত। সাম্প্রতিক ড্রোন সমীক্ষায় বিমানবন্দরের ২১৫ একরের বেশি জমিরও উল্লেখ করা হয়েছে। চিঠিতে মুখ্যমন্ত্রী দাবি করেছেন, বেহালা বিমানবন্দর চালু হলে নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দরের উপর চাপ কমবে। একই সঙ্গে কলকাতা ও দক্ষিণ ২৪ পরগনার শিল্পোন্নয়ন, আঞ্চলিক যোগাযোগ, জরুরি চিকিৎসা পরিষেবা, পর্যটন ও বাণিজ্যে গতি আসবে। তিনি উড়ান প্রকল্পের আওতায় দ্রুত বাণিজ্যিক বিমান চলাচল শুরু করার আবেদন জানিয়ে জমি, নিরাপত্তা এবং প্রয়োজনীয় ছাড়পত্রের ক্ষেত্রে রাজ্যের পূর্ণ সহযোগিতার আশ্বাস দিয়েছেন। বৈঠকের পর কেন্দ্রীয় মন্ত্রী রামমোহন নাইডুও সমাজমাধ্যমে জানান, পশ্চিমবঙ্গে বিমান পরিষেবার সম্প্রসারণ এবং বেহালা বিমানবন্দর সচল করার সম্ভাবনা নিয়ে ইতিবাচক আলোচনা হয়েছে।

জন্মাষ্টমীর দিন হুড়মুড়িয়ে ভেঙে পড়ল বিপজ্জনক পুরানো বাড়ি

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ৪ সেপ্টেম্বর ঃ জন্মাষ্টমীর দিনই উত্তর কলকাতায় ভেঙে পড়ল একটি পুরনো বাড়ি। শুক্রবার দুপুরে রাজা নবকৃষ্ণ স্ট্রিটের উপর আচমকাই হুড়মুড়িয়ে ভেঙে পড়ে ভগ্নদশায় থাকা বাড়িটি। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বাড়িটিকে বেশ কিছুদিন আগেই বিপজ্জনক বলে ঘোষণা করেছিল কলকাতা পুরসভা। কিন্তু সেই ঘোষণার পরেও বাড়িটির ভিতরে কয়েক জন বাসিন্দা থাকতেন বলে স্থানীয়দের দাবি। ফলে বাড়ি ভেঙে পড়ার খবর ছড়াতেই এলাকায় আতঙ্ক তৈরি হয়। সূত্রের খবর, শুক্রবার দুপুর প্রায় ৩টে নাগাদ আচমকাই বাড়িটির একটি বড় অংশ ভেঙে পড়ে। মুহূর্তের মধ্যে ধ্বংসস্তূপে পরিণত হয় বাড়িটি। ঘটনার পরেই স্থানীয় বাসিন্দারা পুলিশ ও প্রশাসনকে খবর দেন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। কলকাতা পুরসভার কর্মীরাও সেখানে গিয়ে উদ্ধারকাজ শুরু করেন। দমকলের কর্মীরাও ঘটনাস্থলে রয়েছেন। ধ্বংসস্তূপের নীচে কেউ আটকে পড়েছেন কি না, তা নিশ্চিত করতে শুরু হয়েছে তল্লাশি। পুলিশ কুকুরও ঘটনাস্থলে নিয়ে আসা হয়েছে। ধ্বংসস্তূপের বিভিন্ন অংশে তল্লাশি চালিয়ে কোনও ব্যক্তি আটকে রয়েছেন কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। এখনও পর্যন্ত বাড়ি ভেঙে পড়ার ঘটনায় কেউ আহত হয়েছেন কি না, সে বিষয়ে নিশ্চিত হওয়া যায়নি। স্থানীয় বাসিন্দাদের বক্তব্য, দীর্ঘদিন ধরেই বাড়িটির অবস্থা অত্যন্ত খারাপ ছিল। পুরসভার তরফে সেটিকে বিপজ্জনক ঘোষণা করা হলেও সেখানে কয়েক জন বসবাস করছিলেন বলে অভিযোগ। বাড়িটির এমন বেহাল অবস্থার মধ্যেও কেন সেখানে মানুষ থাকছিলেন, তা নিয়ে প্রশ্ন উঠছে। গত কয়েক দিন ধরে কলকাতায় বৃষ্টি হয়েছে। সেই বৃষ্টির জেরে পুরনো ও দুর্বল হয়ে পড়া বাড়িটির কাঠামো আরও ক্ষতিগ্রস্ত হয়ে থাকতে পারে বলে স্থানীয়দের একাংশের অনুমান। যদিও ঠিক কী কারণে বাড়িটি ভেঙে পড়ল, তা এখনও নিশ্চিত নয়। ঘটনার প্রকৃত কারণ খতিয়ে দেখছে প্রশাসন। রাজা নবকৃষ্ণ স্ট্রিটের মতো ঘনবসতিপূর্ণ এলাকায় আচমকা পুরনো বাড়ি ভেঙে পড়ায় স্বাভাবিকভাবেই আতঙ্ক ছড়িয়েছে। আপাতত উদ্ধারকাজকেই সর্বাধিক গুরুত্ব দেওয়া হচ্ছে। ধ্বংসস্তূপ সরানোর পাশাপাশি বাড়িটির ভিতরে বা আশপাশে কেউ আটকে রয়েছেন কি না, তা নিশ্চিত করার চেষ্টা চালাচ্ছেন উদ্ধারকারীরা।

শহর ও শহরতলী

ফোনেই সিঁধ কেটে ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফাঁকা! কলকাতায় মার্কিন প্রতারণা চক্রের পর্দাফাঁস

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ৪ সেপ্টেম্বর ঃ কলকাতায় ফের সাইবার প্রতারণা চক্রের বিরুদ্ধে বড়সড় অভিযান চালাল পুলিশ। মার্কিন নাগরিকদের ফোন করে প্রতারণা করার অভিযোগে বেনিয়াপুকুর লেনের একটি ফ্ল্যাটে অভিযান চালিয়ে তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশের দাবি, ওই ফ্ল্যাটে গোপনে একটি অবৈধ কল সেন্টার চালানো হচ্ছিল। সেখান থেকেই ভিওআইপি কলের মাধ্যমে মার্কিন নাগরিকদের সঙ্গে যোগাযোগ করে প্রতারণার জাল ছড়ানো হয়েছিল বলে প্রাথমিক তদন্তে উঠে এসেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতদের নাম মহম্মদ আনাস, আয়ান হোসেন এবং সৈয়দ জায়েদ। গতকাল রাতে নির্দিষ্ট তথ্যের ভিত্তিতে বেনিয়াপুকুর লেনের ওই ফ্ল্যাটে হানা দেয় পুলিশ। তল্লাশি চালিয়ে সেখান থেকে একাধিক মোবাইল ফোন, ল্যাপটপ, ট্যাব, চেকবুক এবং বিপুল পরিমাণ নগদ টাকা উদ্ধার করা হয়েছে। সব মিলিয়ে নগদ ১০ লক্ষ ১০ হাজার টাকা বাজেয়াপ্ত করেছে তদন্তকারীরা। পাশাপাশি বেশ কিছু গুরুত্বপূর্ণ ও সন্দেহজনক নথিও পুলিশের হাতে এসেছে বলে জানা গিয়েছে। তদন্তকারীদের প্রাথমিক অনুমান, ধৃতরা নিজেদের জনপ্রিয় অনলাইন পেমেন্ট সংস্থা ' কর্মী হিসেবে পরিচয় দিত। সেই পরিচয় ব্যবহার করেই মার্কিন নাগরিকদের ফোন করা হত। ভিওআইপি প্রযুক্তির মাধ্যমে বিদেশে থাকা ব্যক্তিদের সঙ্গে যোগাযোগ করে তাঁদের বিশ্বাস অর্জনের চেষ্টা করত অভিযুক্তরা। এরপর বিভিন্ন

কৌশলে তাঁদের কম্পিউটার বা মোবাইল ডিভাইসে রিমোট অ্যাক্সেস দেওয়ার জন্য প্ররোচিত করা হত বলে অভিযোগ। পুলিশের দাবি, রিমোট কম্পিউটার অ্যাক্সেস সংক্রান্ত বিভিন্ন অ্যাপ্লিকেশন ব্যবহার করে টার্গেট করা ব্যক্তিদের ডিভাইসে প্রবেশের চেষ্টা করত প্রতারকরা। একবার ডিভাইসে প্রবেশাধিকার পাওয়ার পর সেখান থেকে ব্যাঙ্কিং সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য, ব্যক্তিগত তথ্য এবং অন্যান্য গোপনীয় শংসাপত্র সংগ্রহ করা হত। সেই তথ্য ব্যবহার করেই পরবর্তীতে আর্থিক প্রতারণা চালানো হয়েছে বলে তদন্তকারীদের সন্দেহ। তদন্তকারীরা মনে করছেন, বিদেশি নাগরিকদের কাছ থেকে হাতিয়ে নেওয়া টাকা সরাসরি এক জায়গায় জমা না রেখে বিভিন্ন নির্দিষ্ট ব্যাঙ্ক অ্যাকাউন্ট এবং পেমেন্ট গেটওয়ের মাধ্যমে স্থানান্তর করা হত। প্রতারণার টাকা কীভাবে কোথায় পৌঁছত, সেই আর্থিক লেনদেনের সূত্র খুঁজে বের করার চেষ্টা করছে পুলিশ। ধৃতদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট এবং ডিজিটাল লেনদেনের তথ্যও খতিয়ে দেখা হচ্ছে বলে তদন্তকারী সূত্রে খবর। অভিযানের সময় ফ্ল্যাট থেকে মোট পাঁচটি মোবাইল ফোন, চারটি ল্যাপটপ, একটি ট্যাব এবং ছ'টি চেকবুক উদ্ধার করা হয়েছে। এর পাশাপাশি নগদ ১০ লক্ষ ১০ হাজার টাকা এবং একাধিক নথি বাজেয়াপ্ত করা হয়েছে। উদ্ধার হওয়া ইলেকট্রনিক ডিভাইসগুলি পরীক্ষা করে প্রতারণার পরিমাণ এবং চক্রটির কাজের ধরন সম্পর্কে আরও তথ্য পাওয়ার চেষ্টা করছেন সাইবার তদন্তকারীরা। পুলিশের কাছে এখন মূল প্রশ্ন, এই কল সেঃটার কতদিন ধরে চলছিল এবং এর মাধ্যমে এখনও পর্যন্ত কতজন মার্কিন নাগরিক প্রতারণার শিকার হয়েছেন। পাশাপাশি এই চক্রের সঙ্গে কলকাতার বাইরে বা বিদেশে থাকা আর কেউ যুক্ত রয়েছে কি না, তাও খতিয়ে দেখা হচ্ছে। ধৃত তিনজনকে জিজ্ঞাসাবাদ করে চক্রের মূল হোতাদের সন্ধান পাওয়ার চেষ্টা চলছে। কলকাতায় বসে বিদেশি নাগরিকদের টার্গেট করে সাইবার প্রতারণার ঘটনা নতুন নয়। তবে একটি ফ্ল্যাটের ভিতর থেকে সংগঠিতভাবে ভিওআইপি কল করে প্রতারণা চালানোর অভিযোগ ফের শহরের সাইবার নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলেছে। তদন্ত যত এগোবে, এই চক্রের সঙ্গে যুক্ত আরও কোনও ব্যক্তি বা সংস্থার নাম সামনে আসে কি না, এখন সেদিকেই নজর পুলিশের।

চুঁচুড়া পুরসভার প্রাক্তন তৃণমূল কাউন্সিলারের রেস্তোরাঁ থেকে উদ্ধার মেয়াদ উত্তীর্ণ ঠান্ডা পানীয়

নিজস্ব সংবাদদাতা, চুঁচুড়া,৪ সেপ্টেম্বর ঃ চুঁচুড়ার গঙ্গার ধারের এই রেস্তোরাঁয় হানা দিয়ে সেখানকার পরিবেশ দেখে চক্ষু চড়কগাছ প্রশাসনের। এ বার চুঁচুড়া ময়ূরপঙ্খী ঘাটের একটি রেস্তোরাঁয় যৌথ অভিযান চালাল জেলা স্বাস্থ্য দপ্তর, খাদ্য সুরক্ষা দপ্তর ও জেলা প্রশাসন। সেখানে উপস্থিত ছিলেন জেলা স্বাস্থ্য আধিকারিক মৃগাঙ্কমৌলি কর, অতিরিক্ত স্বাস্থ্য আধিকারিক (২) দেবযানী বসু মল্লিক, অতিরিক্ত জেলাশাসক অর্ঘ্য ঘোষ এবং প্রশাসনের কর্তারা। প্রশাসন সূত্রে খবর, এ দিন স্বাস্থ্য দপ্তর, খাদ্য নিরাপত্তা দপ্তর, জেলা প্রশাসন যৌথ ভাবে সকাল ১১টা নাগাদ গঙ্গাতীর লাগোয়া ওই রেস্তোরাঁয় হানা দেন। চুঁচুড়া পুরসভার প্রাক্তন তৃণমূল কাউন্সিলার তথা তৃণমূল নেত্রী মৌসুমি সাহার মালিকানায় থাকা রেস্তোরাঁ থেকে উদ্ধার হয় মেয়াদ উত্তীর্ণ ঠান্ডা পানীয়, চিজ, শিশুদের খাবার ও বাসি, পচা মাংস। পাশাপাশি, জমিয়ে রাখা ঘি, যার কোনও ব্যাচ নম্বর ও মেয়াদের তারিখের উল্লেখ নেই। অতিরিক্ত জেলা স্বাস্থ্য আধিকারিক (২) দেবযানী বসু মল্লিক বলেন, 'গঙ্গার ধারে একটি রেস্তোরাঁ থেকে একাধিক মেয়াদ উত্তীর্ণ খাবার, পচা মাংস উদ্ধার করা হয়েছিল। সেগুলি নষ্ট করা হয়েছে। ১৫ দিনের সময়সীমা দেওয়া হয়েছে।' এ বিষয়ে রেস্তোরাঁর কেউ মন্তব্য করতে চাননি। রেস্তোরাঁর রান্নাঘরের অবস্থাও খারাপ। চূড়ান্ত অস্বাস্থ্যকর পরিবেশ দেখে মাথা ঘুরে যায় প্রশাসনের কর্তাদের। দেরি না করে সমস্ত মেয়াদ উত্তীর্ণ বিপজ্জনক খাবার পুড়িয়ে নষ্ট করে দেওয়া হয়।

এনআরএসে চিকিৎসা বিভ্রাটের অভিযোগ, গোপালকে আর্থিক সাহায্যের আশ্বাস মুখ্যমন্ত্রীর দপ্তরের

কলকাতার নীলরতন সরকার মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পিত্তথলির পাথরের অস্ত্রোপচারের পরিবর্তে ভুল করে অ্যাপেনডিক্সের অস্ত্রোপচার করে দেওয়ার অভিযোগ ঘিরে কয়েক দিন ধরেই বিতর্ক চলছে। সেই ঘটনার খবর প্রকাশ্যে আসার পর এবার রোগী গোপাল পোড়েলের সঙ্গে ফোনে যোগাযোগ করল মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর দপ্তর। রোগীর দাবি, মুখ্যমন্ত্রীর দপ্তরের তরফে তাঁকে জানানো হয়েছে, চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের বিষয়ে মুখ্যমন্ত্রী অনুমোদন দিয়েছেন। একই সঙ্গে বেসরকারি হাসপাতালে তাঁর চিকিৎসা সংক্রান্ত নথিপত্রও চেয়ে পাঠানো হয়েছে। পূর্ব কলকাতার বেলেঘাটার প্রান্তিক পরিবারের বাসিন্দা ৪৭ বছরের গোপাল পোড়েল। তিনি একশো দিনের কাজ করে সংসার চালান। বেশ কয়েক দিন ধরে পেটের ডান দিকে ব্যথা অনুভব করছিলেন তিনি। চিকিৎসকের পরামর্শে আল্ট্রাসোনোগ্রাফি করানো হলে তাঁর পিত্তথলিতে পাথর ধরা পড়ে। এরপর নীলরতন সরকার মেডিক্যাল কলেজে চিকিৎসার জন্য যান গোপালবাবু। গোপালবাবুর অভিযোগ, এনআরএস মেডিক্যাল কলেজের সার্জারি বিভাগে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার পর তাঁর গলব্লাডার স্টোনের অস্ত্রোপচার হওয়ার কথা ছিল। কিন্তু অস্ত্রোপচারের সময় ভুলবশত তাঁর অ্যাপেনডিক্স কেটে দেওয়া হয় বলে অভিযোগ। বিষয়টি সামনে আসার পর তা নিয়ে ব্যাপক আলোচনা শুরু হয়। ঘটনাটি প্রকাশ্যে আনেন গোপালবাবুর এলাকার বিধায়ক কুশাল ঘোষ। অভিযোগ অনুযায়ী, পিত্তথলিতে পাথরের অস্ত্রোপচারের জন্য হাসপাতালে গেলেও অন্য অস্ত্রোপচার হয়ে যাওয়ায় পরে তাঁকে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে গলব্লাডার স্টোনের চিকিৎসা করানোর প্রক্রিয়া শুরু হয়। স্বাভাবিকভাবেই এই চিকিৎসার খরচ বহন করা গোপালবাবুর মতো প্রান্তিক পরিবারের পক্ষে যথেষ্ট কঠিন হয়ে দাঁড়ায়। ঘটনাটি প্রকাশ্যে আসার পর স্বাস্থ্য দফতরের তরফেও বিষয়টি নিয়ে নড়াচড়া শুরু হয়। স্বাস্থ্যমন্ত্রী ডা. শারদ্বত মুখোপাধ্যায় এ বিষয়ে রিপোর্ট তলব করেছিলেন বলে জানা যায়। যদিও মঙ্গলবার এনআরএস হাসপাতালে চিকিৎসা বিভ্রাটের অভিযোগ উড়িয়ে দেন তিনি। ফলে একদিকে চিকিৎসা বিভ্রাটের অভিযোগ এবং অন্যদিকে স্বাস্থ্য দফতরের বক্তব্য-দুইয়ের মধ্যে বিষয়টি নিয়ে বিতর্ক অব্যাহত রয়েছে। এর মধ্যেই গোপাল পোড়েলের পাশে দাঁড়ানোর বার্তা এল মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে। বিষয়টি জানার পর মুখ্যমন্ত্রীর দপ্তরের তরফে প্রথমে বিধায়ক কুশাল ঘোষের সঙ্গে যোগাযোগ করা হয়। এরপর সরাসরি ফোনে কথা বলা হয় গোপালবাবুর সঙ্গে। রোগীর দাবি, ফোনে তাঁকে আর্থিক সহায়তার বিষয়ে আশ্বস্ত করা হয়েছে। গোপাল পোড়েল বলেন, আর্থিকভাবে তিনি অত্যন্ত দুর্বল অবস্থায় রয়েছেন। চিকিৎসার খরচ বহন করা তাঁর পক্ষে কঠিন। তাঁর কথায়, আর্থিকভাবেও আমি নিঃস্ব। এই পরিস্থিতিতে মাননীয় কুশাল ঘোষ আমার জন্য দরবার করেছিলেন। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আমায় সাহায্য করার কথা জানিয়েছেন। গোপালবাবুর আরও দাবি, মুখ্যমন্ত্রীর দপ্তরের তরফে তাঁকে জানানো হয়েছে যে, আর্থিক সাহায্যের বিষয়ে মুখ্যমন্ত্রী অনুমোদন দিয়েছেন। পাশাপাশি বেসরকারি হাসপাতালে তাঁর চিকিৎসার যাবতীয় নথিপত্র চেয়ে পাঠানো হয়েছে। সেই নথি খতিয়ে দেখার পর পরবর্তী পদক্ষেপ করা হতে পারে বলে মনে করা হচ্ছে। এখন প্রশ্ন, এনআরএসে ঠিক কী ঘটেছিল এবং গোপাল পোড়েলের অস্ত্রোপচার নিয়ে ওঠা অভিযোগের সত্যতা কতটা। পাশাপাশি প্রান্তিক পরিবারের এই রোগীর পরবর্তী চিকিৎসার খরচ কীভাবে মেটানো হবে, তা নিয়েও নজর রয়েছে। মুখ্যমন্ত্রীর দপ্তরের আর্থিক সাহায্যের আশ্বাস সেই দিক থেকে গোপালবাবুর পরিবারের কাছে কিছুটা স্বস্তির বার্তা বলেই মনে করা হচ্ছে।

কোন্নগরে মঠে জন্মাষ্টমী উৎসব পালন

বলাইচাঁদ মুখোপাধ্যায়, কোন্নগর হুগলিঃ ৪ঠা সেপ্টেম্বর, কোন্নগরের রাজ রাজেশ্বরী সেবা মঠে জন্মাষ্টমী উৎসব উপলক্ষে সকাল থেকেই পুণ্যার্থীর ভিড় । বেলা বাড়ার সঙ্গে সঙ্গে পূর্ণার্থীর সংখ্যা আরো বাড়তে থাকে। প্রশাসনের পক্ষ থেকে পুণ্যার্থীদের নিরাপত্তার সব রকম ব্যবস্থা রাখা হয় ঠাকুর শ্রীকৃষ্ণ কে ভোগ দেওয়া হয়। সেবা মঠের প্রধান পুরোহিত ব্রহ্মচারী সচ্চিতা স্বরূপ এবং শ্রীধর দ্বিবেদী বলেন, প্রতিবছর জন্মাষ্টমীর পূজোয় কয়েকশত ভক্তের সমাগম হয় এই মন্দিরে, এই বছরও তার ব্যতিক্রম হয়নি। শ্রীকৃষ্ণকে ভোগ নিবেদনে ছিল দুধ, দই, মাখন, পাসে, চাটনি, পোলাও, মধু, ফল বিভিন্ন রকমের মিষ্টি, খিচুড়ি, তালের বড়া, পাঁচ রকমের ভাজা, চিনি, জল প্রভৃতি। উৎসব উপলক্ষে নিরাপত্তা ব্যবস্থা ছিল জোরদার। মন্দিরে মঙ্গলারতীর মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। মন্ত্র এবং শ্রোত পাঠের মাধ্যমে বিশেষ পূজা পাঠ করা হয়। মঠে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী দেখতে ভোর থেকেই মানুষের ঢল নামে সারাদিন ধরে চলে পূজা পাঠ, হোম , যজ্ঞ। মন্দিরে আরো বিগ্রহ রয়েছে। জন্মাষ্টমীতে সেগুলির সাথে ৬৪ টি যোগেনীর পূজা হয়। সকালে শোভাযাত্রা বের হয় এতে কয়েকশত ভক্ত সামিল হন। শান্তি -শৃঙ্খলা বজায় রাখতে ছিল ব্যাপক পুলিশি ব্যবস্থা। এ বিষয়ে রাজ রাজেশ্বরী সেবা মঠের পক্ষ থেকে শ্রীধর দ্বিবেদী বলেন জন্মাষ্টমী উপলক্ষে আমরা দুই দিন বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে পালন করি। মঙ্গল আরতি দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। মঠের সাধু সন্তদের কীর্তন সকলের দৃষ্টি কাড়ে। জন্মাষ্টমী উপলক্ষে এই বিরাট পুজোর আয়োজনে ছিলেন প্রভাত পাটোরি, রবিশঙ্কর দ্বিবেদী,সুনীল দাগা, শ্রীমতি লক্ষ্মী পোদ্দার, সহ অন্যান্য ভক্তবৃন্দ উপস্থিত ছিলেন।

যৌথ পরিবার ভেঙে আলাদা রেশন কার্ডে ফের সুযোগ, আবাস দুর্নীতির জেরে বন্ধ 'ব্লক খুলল খাদ্য দফতর

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ৪ সেপ্টেম্বর ঃ এক পরিবার, কিন্তু আলাদা হাঁড়ি। সামাজিক ও পারিবারিক নানা কারণে যৌথ পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে পৃথক সংসার পেতেছেন অনেকেই। কিন্তু রেশন ব্যবস্থায় সেই পৃথক সংসারের স্বীকৃতি না মেলায় দীর্ঘদিন ধরে সমস্যায় পড়তে হচ্ছিল প্রকৃত উপভোক্তাদের। এবার সেই সমস্যা মেটাতে উদ্যোগী হল রাজ্যের খাদ্য দফতর। যৌথ পরিবার থেকে বাস্তবিক কারণে বিচ্ছিন্ন হয়ে যাওয়া একক সংসারগুলির পৃথক ডিজিটাল রেশন কার্ড পাওয়ার ক্ষেত্রে এতদিন যে 'ব্লক ছিল, তা তুলে দেওয়া হয়েছে। নির্দিষ্ট ফরম পূরণ করে প্রয়োজনীয় নথিপত্র জমা দিলেই এবার থেকে যাচাই সাপেক্ষে পৃথক রেশন ব্যবস্থার আওতায় আসার সুযোগ মিলবে। জানা গিয়েছে, কয়েক বছর ধরে রাজ্যে ডিজিটাল রেশন কার্ডের ডেটাবেস তৈরির কাজ চলছে। সেই সময় বহু পরিবারকে যৌথ পরিবার হিসেবেই নথিভুক্ত করা হয়েছিল। পরবর্তীকালে পারিবারিক ও সামাজিক কারণে সেই পরিবারের সদস্যদের একাংশ আলাদা সংসার শুরু করেন। কিন্তু সরকারি নথিতে তাঁরা থেকে যান একই পরিবারের অংশ হিসেবে। ফলে পৃথক সংসার হলেও রেশন ব্যবস্থায় তাঁদের আলাদা পরিবারের স্বীকৃতি মিলছিল না। সমস্যা আরও জটিল হয়ে ওঠে আবাস যোজনাকে কেন্দ্র করে দুর্নীতির অভিযোগ সামনে আসার পর। অভিযোগ ওঠে, যৌথ পরিবারকে কাগজে-কলমে একাধিক 'জয়েন্ট ফ্যামিলি' হিসেবে দেখিয়ে পৃথক পৃথক আবাসের বাড়ি পাওয়ার চেষ্টা করা হয়েছিল। বিভাগীয় তদন্তে এমন ঘটনাও সামনে আসে বলে জানা যায়, যেখানে বাস্তবে পরিবার যৌথ থাকা সত্ত্বেও নথিপত্রে পরিবারের সদস্যদের আলাদা করে দেখানো হয়েছে। পরিবারের প্রধান কর্তা এবং তাঁর দুই ছেলের নামে পৃথক আবাসের বাড়ির জন্য আবেদন করার মতো অভিযোগও ওঠে। এই ধরনের অনিয়ম ঠেকাতেই যৌথ পরিবারের সদস্যদের পৃথক রেশন কার্ড তৈরির আবেদন প্রক্রিয়ায় 'সিস্টেম ব্লক' করা হয়েছিল বলে জানা গিয়েছে। কিন্তু এর ফলে বিপাকে পড়েন প্রকৃত অর্থেই যৌথ পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়া মানুষজন। পারিবারিক পরিস্থিতির কারণে আলাদা সংসার করলেও তাঁরা নতুন করে নিজেদের পরিবারের জন্য রেশন কার্ডের ব্যবস্থা করতে পারছিলেন না। এর জেরে অনেক ক্ষেত্রে রেশন পরিষেবাও ব্যাহত হচ্ছিল। এই সমস্যার কথা তুলে ধরে কয়েক মাস আগে খাদ্য দফতরের কাছে চিঠি দিয়েছিল রেশন ডিলারদের সংগঠন ফেয়ার প্রাইস শপ ডিলার্স ফেডারেশন। সংগঠনের অভিযোগ ছিল, পুরনো ডেটাবেসের বিভিন্ন ত্রুটি এবং পৃথক পরিবার তৈরির প্রক্রিয়া বন্ধ থাকার কারণে বহু দরিদ্র ও প্রকৃত উপভোক্তা রেশন পাওয়ার অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। এর প্রভাব পড়ছিল রেশন ডিলারদের উপরেও। বিভিন্ন এলাকায় উপভোক্তাদের অভিযোগ সামলাতে গিয়ে সমস্যায় পড়তে হচ্ছিল তাঁদের। ফেডারেশনের সাধারণ সম্পাদক বিশ্বম্ভর বসু জানান, 'ফরম ১৪' অথবা অনলাইন ' ডিভিশন'-এর মাধ্যমে যৌথ পরিবার থেকে পৃথক হওয়ার যে ব্যবস্থা ছিল, তা বন্ধ থাকায় বহু মানুষ সমস্যায় পড়েছিলেন। তাঁর বক্তব্য অনুযায়ী, পুরনো তথ্যের ভিত্তিতে স্বয়ংক্রিয় যাচাইয়ের সময় একই পরিবারের সদস্যদের একটি আর্থিক ইউনিট হিসেবে বিবেচনা করা হচ্ছিল। ফলে পরিবারের কোনও সদস্য আর্থিকভাবে সচ্ছল হওয়ায় তাঁর রেশন কার্ড বাতিল করার প্রক্রিয়ায় একই প্রোফাইলে থাকা অন্য দরিদ্র ও যোগ্য সদস্যের কার্ডও বাতিল হয়ে যাচ্ছিল।



এর ফলে অনেক প্রকৃত উপভোক্তা রেশন তুলতে পারছিলেন না। বিশেষ করে যে পরিবারগুলি বাস্তবে আলাদা হয়ে গিয়েছে, কিন্তু পুরনো রেশন ডেটাবেসে এখনও যৌথ পরিবারের অংশ হিসেবে রয়েছে, তাদের সমস্যাই ছিল বেশি। বিষয়টি খাদ্য দফতরের নজরে আনার পরই পুরনো ' তুলে দিয়ে পৃথকীকরণের সুযোগ ফের চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এখন থেকে বাস্তবিক কারণে যৌথ পরিবার থেকে বিচ্ছিন্ন হওয়া পরিবারগুলি নির্দিষ্ট প্রক্রিয়া মেনে আলাদা রেশন কার্ডের জন্য আবেদন করতে পারবে। প্রয়োজনীয় নথিপত্র জমা দেওয়ার পর সংশ্লিষ্ট তথ্য যাচাই করা হবে। যাচাইয়ে পরিবারটি সত্যিই পৃথক হয়ে গিয়েছে বলে প্রমাণিত হলে নতুন করে রেশন ব্যবস্থায় অন্তর্ভুক্তির সুযোগ মিলবে। এর ফলে একদিকে প্রকৃত উপভোক্তাদের রেশন পরিষেবা নিশ্চিত করা সম্ভব হবে, অন্যদিকে আবাস যোজনার মতো সরকারি প্রকল্পে কাগজে-কলমে পরিবার ভাগ করে সুবিধা নেওয়ার প্রবণতাও নজরদারির আওতায় রাখা যাবে।

দুর্গাপুজোর দখল নিয়ে তৃণমূল-বিজেপি সংঘর্ষ, ডোমজুড়ে ইট-পাটকেল ছোড়াছুড়ি, প্রতিরোধে র‍্যাফ

নিজস্ব সংবাদদাতা, ডোমজুড়, ৪ সেপ্টেম্বর ঃ দুর্গাপুজো কমিটির পরিচালনার দায়িত্ব কার হাতে থাকবে, তা নিয়ে তৃণমূল ও বিজেপির সংঘর্ষে উত্তপ্ত হয়ে উঠল হাওড়ার ডোমজুড়। পুজো কমিটির মাথায় কারা থাকবেন, তা নিয়ে বেশ কয়েক দিন ধরে দুই পক্ষের মধ্যে চাপানউতোর চলছিল। বৃহস্পতিবার সেই বিরোধ প্রকাশ্যে হাতাহাতি এবং ইট-পাটকেল ছোড়াছুড়ির ঘটনায় গড়ায়। সংঘর্ষে একাধিক ব্যক্তি জখম হয়েছেন বলে জানা গিয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে পৌঁছয় বিশাল পুলিশবাহিনী। পরে মোতায়েন করা হয় র‍্যাপিড অ্যাকশন ফোর্স বা র‍্যাফ। ডোমজুড়ের রাজাপুর জাগদাপোতা এলাকায় দীর্ঘদিনের একটি বারোয়ারি দুর্গাপুজো রয়েছে। স্থানীয় বাসিন্দাদের একাংশের দাবি, বছরের পর বছর ধরে ওই পুজোর আয়োজন এবং পরিচালনার সঙ্গে যুক্ত ছিলেন তৃণমূলের নেতা-কর্মীরা। এ বারও পুজো কমিটির পরিচালনার দায়িত্ব তাঁদের হাতেই থাকবে বলে দাবি তৃণমূলের। অন্যদিকে, বিজেপির স্থানীয় নেতা-কর্মীদের বক্তব্য, এ বার পুজোর পরিচালনায় তাঁদেরও ভূমিকা থাকবে। এই নিয়েই গত কয়েক দিন ধরে দুই রাজনৈতিক দলের মধ্যে বিরোধ চলছিল। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার পরিস্থিতি আচমকাই উত্তপ্ত হয়ে ওঠে। প্রথমে দুই পক্ষের মধ্যে বচসা শুরু হয়। পরে তা হাতাহাতিতে পৌঁছয়। অভিযোগ, একে অপরকে লক্ষ্য করে ইট-পাটকেলও ছোড়া হয়। ঘটনায় কয়েক জন আহত হন। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। পরিস্থিতি সামাল দিতে এলাকায় অতিরিক্ত বাহিনী মোতায়েন করা হয়। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে র‍্যাফ নামানো হয়। ঘটনা নিয়ে বিজেপির পক্ষ থেকে তৃণমূলের বিরুদ্ধে একাধিক অভিযোগ তোলা হয়েছে। বিজেপির কর্মী বিক্রম আদকের দাবি, ওই এলাকায় একটি মন্দির রয়েছে। সেখানেই খুঁটিপুজো করে দুর্গাপ্রতিমা তৈরির কাজ শুরু হয়েছিল। তাঁর বক্তব্য, বিজেপির কর্মী-সমর্থকেরাই সেই কাজের দেখভাল করছিলেন। আচমকাই তৃণমূলের লোকজন সেখানে গিয়ে মন্দিরের তালা ঝুলিয়ে দেন বলে তাঁর অভিযোগ। পরে প্রতিবাদ করতে গেলে দুই পক্ষের মধ্যে উত্তেজনা তৈরি হয়। বিক্রমের আরও অভিযোগ, এত দিন তৃণমূলের শাসনকালে বিরোধী দলের নেতা-কর্মীদের এই পুজো থেকে দূরে রাখা হত। এ বার বিজেপির তরফে এলাকার সব মানুষকে সঙ্গে নিয়ে পুজো আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। কিন্তু তৃণমূল সেই উদ্যোগে বাধা দিচ্ছে বলে তাঁর অভিযোগ। যদিও বিজেপির সমস্ত অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল। স্থানীয় তৃণমূল নেতা-কর্মীদের দাবি, এই বারোয়ারি দুর্গাপুজোর সঙ্গে তাঁরাই দীর্ঘদিন ধরে যুক্ত এবং তাঁরাই পুজোর উদ্যোক্তা। তাঁদের অভিযোগ, বিজেপি রাজনৈতিকভাবে পুজোর দখল নেওয়ার চেষ্টা করছে। পুজো পরিচালনার বিষয়টিকে কেন্দ্র করে অযথা রাজনৈতিক উত্তেজনা তৈরি করা হচ্ছে বলেও দাবি তৃণমূলের। ঘটনার পর এলাকায় পুলিশি নজরদারি বাড়ানো হয়েছে। পুলিশ সূত্রে খবর, বৃহস্পতিবারের সংঘর্ষের পর বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। নতুন করে যাতে কোনও ধরনের উত্তেজনা বা সংঘর্ষের ঘটনা না ঘটে, সে জন্য এলাকায় নজরদারি চালানো হচ্ছে। তবে পুজো পরিচালনার দায়িত্ব নিয়ে দুই পক্ষের মধ্যে যে মূল বিরোধ, তার এখনও কোনও স্থায়ী সমাধান হয়নি বলেই খবর। দুর্গাপুজোকে কেন্দ্র করে রাজনৈতিক সংঘর্ষের এই ঘটনা নতুন করে বিতর্ক তৈরি করেছে। এ বার রাজ্যে বিভিন্ন প্রান্তে বারোয়ারি পুজোর পরিচালনা এবং দখল নিয়ে রাজনৈতিক দলের মধ্যে বিরোধের অভিযোগ সামনে এসেছে।